তিতুমীর কলেজের সামনে আলিফ, বাড্ডায় বৈশাখী বাসে আগুন



ছবি: সংগৃহীত

রাজধানীর সরকারি তিতুমীর কলেজের সামনে আলিফ পরিবহনের একটি যাত্রীবাহী বাসে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। মঙ্গলবার (১৭ নভেম্বর) রাত সাড়ে ৯টার দিকে এ ঘটনা ঘটে। আগুনে বাসটি পুড়ে গেছে। তবে প্রাথমিকভাবে হতাহতের কোনো খবর পাওয়া যায়নি।

ফায়ার সার্ভিসের নিয়ন্ত্রণ কক্ষের কর্মকর্তা মো. শাহজাহান জানান, রাত ৯টা ২৫ মিনিটে আগুনের খবর পেয়ে দুটি ইউনিট ঘটনাস্থলে পাঠানো হয়। পরে তারা আগুন নিয়ন্ত্রণে আনে।

এদিকে একই রাতে রাজধানীর বাড্ডায় আরও একটি বাসে আগুন দেওয়ার ঘটনা ঘটেছে। রাত সাড়ে ১০টার দিকে হোসাইন মার্কেটের সামনে বৈশাখী পরিবহনের বাসটিতে আগুন দেওয়া হয় বলে জানান বাড্ডা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নাসিরুল ইসলাম।

ওসি বলেন, একটি বাসে কে বা কারা আগুন দিয়েছে, সে খবর পেয়েছেন তাঁরা। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। ফায়ার সার্ভিসের নিয়ন্ত্রণ কক্ষ থেকেও বাড্ডা লিংক রোডে বাসে আগুনের খবর পাওয়ার কথা জানানো হয়েছে। এ ঘটনায় দুটি ইউনিট পাঠানো হয়।

LENS ASIA